



# জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

সূত্র : পিডি/জিএম/অভিযোগ রেজিস্টার/২০২২/১০৯৩

তারিখঃ ০৬/১২/২০২২

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা  
জনতা ব্যাংক স্টাফ কলেজ ও রিজিওনাল স্টাফ কলেজসমূহ/  
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী  
বাংলাদেশ।

বিষয় : অত্র ব্যাংকের সকল কার্যালয়/শাখায় অভিযোগ রেজিস্টারের ব্যবহার ও সংরক্ষণ প্রসঙ্গে।

মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে এমডি এন্ড সিইও মহোদয় অত্র ব্যাংকের সকল কার্যালয়/শাখায় ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত অভিযোগ সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট কার্যালয়/শাখায় লিপিবদ্ধ ও সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। এমডি এন্ড সিইও মহোদয়ের নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংকের সকল কার্যালয়/শাখায় ব্যবহারের জন্য অভিযোগ রেজিস্টার মুদ্রণপূর্বক কেন্দ্রীয় স্টেশনারী দপ্তর, বিমান ভবন, ২য় তলা, ১০০ মতিঝিল বা/এ, ঢাকায় সংরক্ষণ করা হয়েছে।


এমতাবস্থায়, এমডি এন্ড সিইও মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রাথমিকভাবে প্রতিটি কার্যালয়/শাখার জন্য ১(এক)টি করে অভিযোগ রেজিস্টার কেন্দ্রীয় স্টেশনারী দপ্তর, বিমান ভবন, ২য় তলা, ১০০ মতিঝিল বা/এ, ঢাকা হতে সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কার্যালয়/শাখায় যথাযথভাবে এর ব্যবহার ও সংরক্ষণ নিশ্চিতকরন এবং কর্তৃপক্ষ/বিভিন্ন পরিদর্শন দলের চাহিদা অনুযায়ী তা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

ধন্যবাদান্তে।

আপনাদের বিশ্বস্ত,

  
(মোঃ শাখাওয়াত হোসেন)  
উপ-মহাব্যবস্থাপক

  
(এ. কে. এম. মুনিরুল ইসলাম)  
মহাব্যবস্থাপক